দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 13 AUG 1995
পৃষ্ঠা ৪ কলাম ১

56

## প্রসঙ্গ বর্তমান শিক্ষা পদ্ধতি

বর্তমানে এসএসসি পরীক্ষায় যে শিক্ষা পদ্ধতি গ্রহণ করা হয়েছে তা নিঃসন্দেহে যুক্তিযুক্ত ও প্রশংসনীয়। এ পদ্ধতির মাধ্যমে একজন পরীক্ষার্থীকে সার্বিকভাবে মূল্যায়ন করা সম্ভব। '৯২ থেকে '৯৫ পর্যন্ত যে পদ্ধতি ছিল তাতে অনেক ফাঁকি দেয়ার সুযোগ ছিল। কোন কোন পরীক্ষার্থী রচনামূলক বিষয় বাদ দিয়ে শুধু নৈর্ব্যক্তিক পড়ে ২য় বিভাগে পাস করেছে এমন নজিরও আছে। এ পদ্ধতিতে ছাত্রছাত্রীদের সৃজনশীলতা হ্রাস পেয়েছে। শিক্ষার যে মহৎ লক্ষ্য তা পূর্বের পদ্ধতির মাধ্যমে অর্জন করা সম্ভব নয়। তাই বর্তমান পদ্ধতি সবদিক দিয়ে ভাল। কিন্তু এ পদ্ধতিতে অনেকেরই দিবাস্বপ্ন ভঙ্গ হয়েছে। তাই গ্রাম ও শহর অঞ্চলের কতিপয় ছাত্রছাত্রী বর্তমান পরীক্ষা পদ্ধতি বাতিল এবং পূর্ব পদ্ধতি বহাল রাখার জন্য আন্দোলন করছে, ধর্মঘট করছে। যা করা আদৌ উচিত নয়। আমি সে ছাত্রদের বলছি আসুন ভালভাবে পড়ালেখা করে সত্যিকার জ্ঞান অর্জন করি।

মোঃ হাবিবুর রহমান
১০২, মধ্য বাসাবো, ঢাকা।